দৈনিক ইত্তেফাক

তারিখ 05 MAY 1997
পৃষ্ঠা ১ কলাম ৮

# ভোলায় শিক্ষার বিনিময়ে খাদ্য কর্মসূচীতে খাওয়ার অনুপযোগী চাউল বিতরণের অভিযোগ

দৌলতখান ( ভোলা ) সংবাদদাতা ॥ ভোলা জেলা সদরের ৪০টি প্রাথমিক বিদ্যালয়ে 'শিক্ষার বিনিময়ে

( ১১শ পৃঃ ১-এর কঃ দ্রঃ )

## ভোলায় শিক্ষার বিনিময়ে

(১ম পৃঃ পর)

খাদ্য' কর্মসূচীর আওতায় নিম্নমানের পচা চাউল বিতরণের অভিযোগ পাওয়া গিয়াছে। মঙ্গলা বন্দর হইতে দুইটি বার্জযোগে 'চলাচল সংরক্ষক ও নিয়ন্ত্রক—খুলনা' শিক্ষার বিনিময়ে খাদ্য ও বিভিন্ন বিতরণ খাতে ভোলায় ৬০০ টন চাউল প্রেরণ করেন। গতকাল সদর থানার সুলতান আহাম্মদ রেজিষ্টার্ড প্রাথমিক বিদ্যালয়ের সভাপতি ও জেলা গণফোরাম সভাপতি এডভোকেট এ কে, এম শাহজাহান বিতরণকৃত চাউলের নমুনা লইয়া ভোলা প্রেসক্লাবে আসেন। তিনি লিখিত অভিযোগে এই চাউল খাইবার অনুপযোগী, পচা ও কঙ্করময় বলিয়া জানান। বিএনপি আমলে আমদানী করা নিম্নমানের এই চাউল কাজের বিনিময়ে খাদ্য কর্মসূচীর প্রকল্পেও দেওয়া হইতেছে। ভোলার জেলা খাদ্য নিয়ন্ত্রকের সহিত যোগাযোগ করা হইলে তিনি এই সংক্রান্ত অভিযোগ শুনিয়াছেন বলিয়া জানান।

ভোলা জেলা আওয়ামী লীগ সভাপতি মোফাজ্জল হোসেন শাহীন এক বিবৃতিতে ভোলায় এই নিম্নমানের চাউল প্রেরণের ব্যাপারে ক্ষোভ প্রকাশ করিয়া তদন্ত দাবী করিয়াছেন।